

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**  
**জেলা ও দায়রা জজ-এর কার্যালয়, পঞ্চগড়**

স্মারক নং-জেজ/পঞ্চ/প্রশাঃ ২০২৪-৯৮

তারিখ : ২১ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
০৫ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**নিয়োগ বিজ্ঞপ্তি**

জেলা ও দায়রা জজ আদালত, পঞ্চগড়ের নিম্নবর্ণিত শূন্য পদসমূহে সরকারি বিধি মোতাবেক সরাসরি নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সংশ্লিষ্ট পদের বিপরীতে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে স্বাক্ষরিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম  | বেতন স্কেল<br>(জাতীয় বেতন স্কেল/<br>২০১৫ অনুযায়ী) | পদ<br>সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা  |
|---------|---|---|--------------|---|
| ১       | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-<br>কম্পিউটার অপারেটর   | ১০,২০০-২৪,৬৮০<br>(গ্রেড-১৪)                         | ০১টি         | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং (গ) প্রাতিষ্ঠানিক নির্ধারিত গতি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ২       | অফিস সহকারী কাম-<br>কম্পিউটার মুদ্রাক্ষরিক  | ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড নং-১৬)                     | ০২টি         | উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ইংরেজী ও বাংলায় প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ২০ শব্দ কম্পিউটারে টাইপ করার গতি থাকতে হবে।  |
| ৩       | অফিস সহকারী<br>(নাজির/বেঞ্চ-সহকারী<br>/ হিসাব রক্ষক/<br>রেকর্ড সহকারী)              | ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড নং-১৬)                     | ০৯টি         | উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত।   |
| ৪       | ড্রাইভার (গাড়িচালক)  | ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড নং-১৬)                     | ০১টি         | ক) এসএসসি পাশ বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>খ) মোটর গাড়ি চালানোর লাইসেন্সধারী হতে হবে।  |
| ৫       | জারীকারক  | ৮,৫০০-২০,৫৭০/-<br>(গ্রেড নং-১৯)                     | ০৮টি         | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।   |
| ৬       | অফিস সহায়ক<br>(এম.এল.এস.এস/অফিস<br>পিয়ন/ এজলাস পিয়ন<br>কাম-অর্ডারলী /নৈশ প্রহরী) | ৮,২৫০-২০,০১০/-<br>(গ্রেড নং-২০)                     | ০৮টি         | ৮ম শ্রেণী পাশ।  |

**শর্তাবলী**

- প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমের আলোকে বর্ণিত তথ্যাদি পূরণপূর্বক স্বহস্তে স্বাক্ষর করে আবেদন করতে হবে। ফরমটি <http://forms.mygov.bd/site/view/form-page/779983b9-65c7-448b-87c3-ed52baa88f2f> ওয়েব সাইড হতে সংগ্রহ করা যাবে।
- আবেদনপত্র আগামী ২৫/০৩/২০২৪ খ্রি.তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে এই কার্যালয়ে ডাকযোগে পৌছাতে হবে। অত্র কার্যালয়ে সরাসরি আবেদন পত্র দাখিল করা যাবে।
- প্রার্থীর বয়স ০৫/০৩/২০২৪ খ্রি. তারিখ ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২(বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। তবে শহীদ মুক্তিযোদ্ধার নাতি/নাতনীর ক্ষেত্রে বয়সসীমা ৩০ (ত্রিশ) বছর এর মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- দরখাস্ত “সভাপতি, বাছাই ও নিয়োগ কমিটি, জেলা জজ আদালত, পঞ্চগড়” বরাবর করতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :  
(ক) জাতীয় পরিচয়পত্র অথবা জন্মনিবন্ধন সনদের অনুলিপি  
(খ) সদ্য তোলা ৩ (তিন) কপি ৫ সে.মি. X ৫ সে.মি আকারের সত্যায়িত রঙিন ছবি  
(গ) জেলা ও দায়রা জজ, পঞ্চগড় এর অনুকূলে পরীক্ষার ফি বাবদ ১-৪ নং ক্রমিকে বর্ণিত পদে আবেদনকারীদের অফেরতযোগ্য ২০০/- (দুইশত) টাকা এবং ৫ ও ৬নং ক্রমিকে বর্ণিত পদে আবেদনকারীদের অফেরতযোগ্য ১০০/- (একশত) টাকা বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে ট্রেজারি চালানোর মাধ্যমে ১-২১৪১-০০০০-২০৩১ কোডে জমা প্রদান করে চালানোর মূল কপি।  
(ঘ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদন পত্রের সঙ্গে প্রার্থীর নাম ঠিকানা লিখিত ১০/- (দশ) টাকার ডাক টিকিট লাগানো একটি ৯.৫' X ৪.৫' সাইজের ফেরত খাম।  
(ঙ) সংশ্লিষ্ট কোটার অধিকারী মর্মে প্রমাণ পত্রের ফটোকপি।
- কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থানে ও তারিখে লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণ করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে। কোটা দাবী কারী প্রার্থীকে খামের উপর কোন কোটায় আবেদন করা হয়েছে তা সু-নির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।
- আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- খামের উপরে মোটা অক্ষরে পদের নাম ও বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণনাম ও ঠিকানা উল্লেখ করতে হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন, বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে, সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ইতোপূর্বে যারা ড্রাইভার ও অফিস সহায়ক পদে আবেদন করেছেন, তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নাই।

সভাপতি  
নিয়োগ/পদোন্নতি বাছাই কমিটি  
ও  
অতিরিক্ত জেলা ও দায়রা জজ-১  
জেলা জজ আদালত, পঞ্চগড়।